গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৭
সরকারি পরিবহন পুল ভবন,
সচিবালয় লিংক রোড, ঢাকা।

নং-১০.০০.০০০০.১৩১.১১.০১০.৮৪(১)-২১

তারিখ : ২৪ পৌষ ১৪৩১ / ০৮ জানুয়ারি ২০২৫

**বিষয় : নীলফামারী জেলার জলঢাকা উপজেলার ১০ নং শৌলমারী ইউনিয়নের নিকাহ রেজিস্ট্রার জনাব মোঃ সিরাজুল ইসলাম এর নামীয় নিকাহ রেজিস্ট্রার লাইসেন্স বাতিল প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, সাব-রেজিস্ট্রার, কিশোরগঞ্জ, নীলফামারী এর তদন্ত প্রতিবেদন অনুযায়ী নীলফামারী জেলার জলঢাকা উপজেলার ১০ নং শৌলমারী ইউনিয়নের নিকাহ রেজিস্ট্রার জনাব মোঃ সিরাজুল ইসলাম বিগত ২৩/০৯/২০২০ খ্রি. তারিখে কনে আক্তারা ইয়াসমিন কনা, পিতা-মোঃ এনামুল হক, মাতা-কল্পনা বানু, গ্রাম-পূর্ব বালাগ্রাম, ডাকঘর-বালাগ্রাম, উপজেলা-জলঢাকা, জেলা-নীলফামারী, জন্ম তারিখঃ ০৪/০৪/২০০৪ খ্রি. এর বাল্যবিবাহ নিবন্ধন করায়, নিকাহ রেজিস্ট্রার জনাব মোঃ সিরাজুল ইসলাম কর্তৃক প্রদত্ত কারণ দর্শানোর জবাব সন্তোষজনক না হওয়ায় এবং তা মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) বিধিমালা, ২০০৯ এর বিধি ১১ অনুযায়ী অসদাচরণের শামিল হওয়ায় নিকাহ রেজিস্ট্রার জনাব মোঃ সিরাজুল ইসলাম এর নামীয় নিকাহ রেজিস্ট্রার লাইসেন্স বাতিল করা হলো।

স্বা.
(সাইদুজ্জামান শরীফ)
সিনিয়র সহকারী সচিব
ফোন নম্বর-০২২২৩৩৮৫৪৫৮

নং-১০.০০.০০০০.১৩১.১১.০১০.৮৪(১)-২১

তারিখ : ২৪ পৌষ ১৪৩১ / ০৮ জানুয়ারি ২০২৫

বিবরণ সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থে (জ্যেষ্ঠ্যতার ভিত্তিতে নয়):

০১। মহাপরিদর্শক নিবন্ধন, নিবন্ধন অধিদপ্তর, ১৪ আব্দুল গনি রোড, ঢাকা।
০২। মাননীয় মন্ত্রীর মহোদয়ের একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
০৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ।
০৪। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৫। সহকারি প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৬। জেলা রেজিস্ট্রার, নীলফামারী (শূন্য অধিক্ষেত্রে অনধিক ১২০ (একশত বিশ) দিনের জন্য সংলগ্ন কোন অধিক্ষেত্রের নিকাহ রেজিস্ট্রারকে বিধি মোতাবেক নিকাহ রেজিস্ট্রারের অতিরিক্ত দায়িত্ব প্রদানের জন্য এবং সাবেক নিকাহ রেজিস্ট্রার জনাব মোঃ সিরাজুল ইসলাম এর নিকট হতে বালাম বহিসহ নিকাহ রেজিস্ট্রি সংক্রান্ত যাবতীয় কাগজাদি সংগ্রহ করার জন্য নির্দেশ প্রদান করা হলো)।
০৭। সাব-রেজিস্ট্রার, জলঢাকা, নীলফামারী (শূন্যঘোষিত অধিক্ষেত্র বিষয়ক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশ প্রদান করা হলো)।
০৮। জনাব মোঃ সিরাজুল ইসলাম, সাবেক নিকাহ রেজিস্ট্রার, ১০ নং শৌলমারী ইউনিয়ন, জলঢাকা, নীলফামারী।
০৯। অফিস কপি/ গার্ড ফাইল।

06/02/25

(সাইদুজ্জামান শরীফ)
সিনিয়র সহকারী সচিব
ফোন নম্বর-০২২২৩৩৮৫৪৫৮